

# **া** মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ২৪১৮

পর্ব-১০: আল্লাহ তা'আলার নামসমূহ (كتاب اسماء الله تعالى)

পরিচ্ছেদঃ ৫. প্রথম অনুচ্ছেদ - বিভিন্ন সময়ের পঠিতব্য দু'আ

بَابُ الدَّعْوَاتِ فِي الْأَوْقَاتِ

#### আরবী

وَعَنْ سُلَيْمَانَ بْنِ صَرُرَدَ قَالَ: اسْتَبَّ رَجُلَانِ عِنْدَ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَنَحْنُ عِنْدَهُ جُلُوسٌ وَأَحَدُهُمَا يَسُبُّ صَاحِبَهُ مُغْضَبًا قَدِ احْمَرَّ وَجْهُهُ فَقَالَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «إِنِّي لَأَعْلَمُ كَلِمَةً لَوْ قَالَهَا لَذَهَبَ عَنْهُ مَا يَجِدُ أَعُوذُ بِاللَّهِ مِنَ الشَّيْطَانِ الرَّجِيمِ». فَقَالُوا لِلرَّجُلِ: لَا تَسْمَعُ مَا يَقُولُ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ؟ قَالَ: إِنِّي لستُ بمجنون

### বাংলা

২৪১৮-[৩] সুলায়মান ইবনু সুরাদ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, একদিন নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামএর সামনে দু' ব্যক্তি পরস্পরকে গাল-মন্দ বলতে লাগল, আমরা তখন তাঁর পাশে বসা ছিলাম। তন্মধ্যে একজন
তার সাথীকে খুব রাগতস্বরে গাল-মন্দ করছিল। এতে তার মুখমণ্ডল বিবর্ণ হয়ে গিয়েছিল। এটা দেখে নবী
সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম বললেন, আমি এমন একটি কালাম (বাক্য) জানি, যদি সে তা পড়ে তাহলে তার
রাগ চলে যাবে। সেটা হলো 'আ'উযুবিল্লা-হি মিনাশ্ শায়ত্ব-নির রজীম'' (অর্থাৎ- আমি আল্লাহর কাছে বিতাড়িত
শয়তান হতে আশ্রয় চাই)। তখন সাহাবীগণ লোকটিকে বললেন, নবী সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম কি বলছেন,
তুমি কী শুনছ না? লোকটি বলল, নিশ্চয়ই আমি ভূতগ্রস্ত (পাগল) নই। (বুখারী, মুসলিম)[1]

## ফুটনোট

[1] সহীহ : বুখারী ৬১১৫, মুসলিম ২৬১০, আবূ দাউদ ৪৭৮১, ইবনু আবী শায়বাহ্ ২৫৩৮২, মু'জামুল কাবীর লিত্ব ত্ববারানী ৬৪৮৮, ইবনু হিব্বান ৫৬৯২, সহীহ আত্ তারগীব ২৭৫৪।

#### ব্যাখ্যা

ব্যাখ্যা: বুখারী'র বর্ণনা রয়েছে, যদি কেউ ''আ'ঊযুবিল্লা-হি মিনাশ্ শায়ত্ব-নির রজীম'' বলে তাহলে যে রাগ তাকে



পেয়ে বসেছে তা দূরীভূত হবে। যেমন- সহীহুল বুখারী'র অপর বর্ণনাতেও রয়েছে।

মু'আয কর্তৃক বর্ণিত হাদীসে রয়েছে, নিশ্চয় আমি (নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) এমন কতগুলো কালিমাহ্ শিক্ষা দিব যদি কেউ তা রাগের সময় বলে, তবে তার রাগ দূরীভূত হয়ে যাবে। আর সে শব্দগুলো হলোঃ (اِنَّى الشَّيْطَانِ الرَّجِيْمِ) অর্থাৎ- ''আল্ল-হুম্মা ইন্নী আ'উযুবিকা মিনাশ্ শায়ত্ব-নির রজীম''।

এ হাদীসটি আল্লাহ তা'আলার কথারই উৎসঃ ''আর যদি শয়তানের প্ররোচনা তোমাকে প্ররোচিত করে, তবে আল্লাহ তা'আলার শরণাপন্ন হও। তিনি শ্রবণকারী মহাজ্ঞানী।" (সূরা আল আ'রাফ ৭ : ২০০)

নাবী সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম-এর নিকট এক ব্যক্তি এসে বললঃ ইয়া রসূলাল্লাহ! আমাকে নাসীহাত করুন। তিনি (সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম) বললেনঃ "রাগ করো না।" কথাটি তিনবার ফিরিয়ে বললেন। নাবী সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম অন্য কোন নাসীহাত না করে শুধু রাগ বারণ করতে বললেন বার বার। আর এটাই এ মর্মে দলীল যে, রাগ একটি বড় বিপর্যয় যা তার থেকে প্রকাশ পায়।

'আল্লামা শাওকানী (রহঃ) বলেনঃ এ হাদীসে এই বিষয়ে দলীল রয়েছে যে, রাগ, গালি এগুলো শয়তানের কাজ। আর এ কারণে আল্লাহর কাছে আশ্রয় চাওয়া রাগ বিদূরিত করে। আর যে ব্যক্তি অন্যায়ভাবে বিনা কারণে রাগ করে তার জানা উচিত যে, নিশ্চয় শয়তান তার সাথে খেলায় মেতেছে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন